38

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ৪

শিক্ষা মন্ত্রণালয়ে পর্যালোচনা বৈঠক

# অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্ত পরিবর্তনের অবকাশ নাই

গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে এইমর্মে অভিমত ব্যক্ত করা হইয়াছে যে, অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্ত পরিবর্তনের কোন অবকাশ নাই। যেহেতু ৫টি শিক্ষা বোর্ডেরই এইচএসসি পর্যায়ে পাঠ্যসূচী ও পাঠ্যপুস্তক এক ও অভিন্ন এবং যেহেতু ১৯৯৬ সালে ৫টি বোর্ডেরই অতীতের প্রশ্নপত্রের নিরিখে অভিন্ন প্রশ্ন চয়ন

( ১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## শিক্ষা মন্ত্রণালয়

( ১ম পৃঃ পর )

করা হইবে; সেহেতু চলতি বৎসরের এইচএসসি পরীক্ষার্থীদের কোনরূপ অসুবিধা হওয়ার কোন কারণ নাই। তাহাছাড়া ৫টি বোর্ডের এইচএসসি পরীক্ষায় অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের ফলে ফলাফলের সমমানতা বিধান ছাড়াও, প্রশ্নপত্র ফাঁসের সম্ভাবনা এবং পরীক্ষা ক্ষেত্রে অন্যান্য অসুবিধা দূর করা সম্ভব হইবে। সেহেতু সারা দেশের মেধাবী ছাত্র-ছাত্রীদের মেধার অবমূল্যায়ন হওয়ার কোন অবকাশ থাকিবে না এবং তাহারা উচ্চতর শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে অধিকতর সুবিধাজনক পরিস্থিতির সম্মুখীন হইবে।

১৯৯৬ সালে অনুষ্ঠিতব্য এইচ এস সি পরীক্ষায় ৫টি শিক্ষা বোর্ডের অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে ঢাকাসহ বাংলাদেশের কোন কোন স্থানে কতিপয় পরীক্ষার্থীর বিক্ষোভ প্রদর্শন করার ঘটনা সরকারের গোচরীভূত হওয়ায় এতদবিষয়ে আলোচনা ও পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় উপরোক্ত অভিমত ব্যক্ত করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ শহীদুল আলম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক রাশিদা বেগম, ঢাকা শিক্ষা বোর্ড-এর চেয়ারম্যান অধ্যাপক ময়েজ উদ্দিন আহমেদসহ ঢাকা শহরের প্রায় ৪০টি কলেজের অধ্যক্ষ সভায় উপস্থিত ছিলেন।

সভায় জানান হয় যে, পাঠ্যসূচীর বাহির হইতে কিংবা তাহাদের স্ব স্ব বোর্ডের প্রশ্নপত্রের গতানুগতিক ধারার বাহিরে অভিন্ন প্রশ্ন ব্যবস্থায় কোন প্রশ্ন করা হইবে না এবং এই ব্যবস্থায় পরীক্ষার্থীদের পাঠ্যসূচী বহির্ভূত কোন প্রতিকূল প্রশ্নের মোকাবিলাও করিতে হইবে না বরং অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের ফলশ্রুতিতে পরীক্ষার্থীদের ফলাফলে সমতা বিধান হইবে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে দেশের বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজসহ অন্যান্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে তাহাদের ভর্তির পথ সুগম হইবে। সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষকবৃন্দ, অভিভাবকবৃন্দ এবং কোমলমতি পরীক্ষার্থীবৃন্দ সরকারের অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্ত বাস্তবায়নে সক্রিয় সহযোগিতা করিবেন। সভায় উপস্থিত সকলেই অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের সিদ্ধান্তের প্রশংসা করেন।

—তথ্য বিবরণী।